

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৭ (ভোকেশনাল-২)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৩৮.১৩- ১১৬৬

তারিখঃ ১২/৬/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ স্মারক নং টিএসসি/টাং/১৮৮৫, তারিখ: ০৫/৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চলতি ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের প্রয়োজনীয় মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত ব্যয় মঞ্জুরীর জন্য প্রেরিত প্রস্তাবের বিষয়ে নিম্ন বর্ণিত অনভিপ্রেত এবং হতাশাজনক অবস্থা পরিলক্ষিত হয়-

ক) ২০১৬-১৭ অর্থ বছরে ব্যয় মঞ্জুরীর প্রস্তাব প্রেরণে অনাকাঙ্ক্ষিত বিলম্ব করা হয়েছে। ইহার স্বপক্ষে সুনির্দিষ্ট ব্যাখ্যা প্রয়োজন।

খ) ব্যয় মঞ্জুরীর জন্য ১ম দফায় প্রেরিত প্রস্তাবে ৪৮৫৬-কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ এবং ৬৮১৩-যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম উপধাতে কোন দরদাতাকেই কার্যাদেশ প্রদানের সুপারিশ করা হয়নি। কিন্তু ২য় দফায় প্রেরিত প্রস্তাবে একই উপধাতে দরের পার্থক্য পূর্বের ন্যায় একই থাকা সত্ত্বেও ১ম দফায় প্রেরিত সুপারিশের বিপরীত সুপারিশ করে মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের সুপারিশ করা হয়েছে। ইহার স্বপক্ষে ব্যাখ্যা প্রয়োজন।

উল্লিখিত বিষয়ে প্রতিষ্ঠান প্রধান হিসেবে সরকারি কাজে অনাকাঙ্ক্ষিত বিলম্ব এবং দরপত্র কার্যক্রমে একই বিষয়ে বিপরীতমুখী সুপারিশে জন্য কেন তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না এ বিষয়ে তাঁকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


ড. মোঃ নূরুল হোসাইন
পরিচালক (ভোকেশনাল)
ফোনঃ ০২-৯১১১০২৩।

প্রাপকঃ

অধ্যক্ষ
টাংগাইল টেকনিক্যাল স্কুল ও কলেজ
টাংগাইল।

অনুলিপিঃ

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।